

## ভূমিকা

১৯৪৪ সালের পহেলা সেপ্টেম্বর প্রথম ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ জারী করা হয়। ১৯৫৭ সালে এই বিধিসমূহ সংশোধন করা হয়।

স্বাধীন বাংলাদেশে সরকারের আর্থিক ব্যবস্থাপনায় মৌলিক এবং সুদূরপ্রসারী পরিবর্তন সাধিত হয়েছে। এর ফলে ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ এর সংশোধন জরুরী হয়ে পড়ে। অর্থ বিভাগের বাস্তবায়নধীন Reforms in Budgeting & Expenditure Control Project কে এই দায়িত্ব অর্পণ করা হয়। উক্ত প্রকল্পের আওতায় রুলগুলো ব্যাপকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে বাংলাদেশে সাধিত সকল পরিবর্তন অন্তর্ভুক্ত করে সংশোধিত ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ প্রস্তুত করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতি সংশোধিত ট্রেজারী রুলস্ অনুমোদন করেছেন এবং ট্রেজারী রুলস্-এ প্রদত্ত ক্ষমতাবলে মাননীয় অর্থমন্ত্রী সাবসিডিয়ারী রুলস্ অনুমোদন করেছেন।

স্থায়ী রেকর্ড হিসাবে সংরক্ষণ এবং ভবিষ্যতে পরিবর্তনসমূহ সন্নিবেশের সুবিধার্থে ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ আলগা পাতা বাঁধানো আকারে (loose leaf binder format) প্রকাশ করা হচ্ছে।

বর্তমান ইংরেজী ভাষার বিন্যাস নিম্নরূপ :

Part I	:	Treasury Rules
Part II	:	Subsidiary Rules
Part III	:	Executive Instructions and orders

### Appendices and Forms

সরকারী অর্থের রক্ষণাবেক্ষণ, সংযুক্ত তহবিলে কিংবা প্রজাতন্ত্রের সরকারী হিসাবে অর্থ প্রদান বা তা থেকে অর্থ প্রত্যাহার কিংবা অন্যান্য বিষয়াদির ক্ষেত্রে অনুসৃত নিয়মাবলী ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ দ্বারা নিয়ন্ত্রিত হবে। কাজেই সকল মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর, অধঃস্তন অফিস ও হিসাব রক্ষণ অফিসকে এই বিধিসমূহ সম্পর্কে সম্যক অবহিত হওয়া প্রয়োজন। আর্থিক সকল বিষয়ে উক্ত বিধিসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে অনুসরণীয়। যে সকল অধিদপ্তর ও পরিদপ্তরে কম গুরুত্বের বিষয় কিংবা তাদের বিশেষ ধরনের কাজকর্মের ক্ষেত্রে স্ব স্ব অনুমোদিত বিধানাবলী রয়েছে, তারা বিভাগীয় নির্দেশাবলী অনুসরণ করতে পারবে। তবে, ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্- এর সঙ্গে বিভাগীয় নির্দেশাবলীর অসঙ্গতি থাকলে, ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ই অনুসরণ করতে হবে। এই বিধিসমূহ কার্যকর করতে কোন অধিদপ্তর/পরিদপ্তর অসুবিধার সম্মুখীন হলে বিষয়টি অর্থ বিভাগের নির্দেশের জন্য প্রেরণ করা যেতে পারে।

বিধিসমূহ যতদূর সম্ভব স্বয়ংসম্পূর্ণ করার প্রচেষ্টা নেয়া হয়েছে। এগুলো যথাযথভাবে অনুসরণ করলে, ভুলত্রুটি এবং অনিয়মের অবকাশ থাকবে না। মূখ্য হিসাব রক্ষণ কর্মকর্তা (Principal Accounting Officer) এবং বিভাগীয় প্রধানগণ (Departmental heads) কে তাদের অধীন সকল অফিসকে বিধিসমূহ কঠোরভাবে প্রয়োগ করার জন্য নির্দেশ দিতে অনুরোধ করছি।

বর্তমান সংস্করণটি ইংরেজিতে প্রকাশ করা হচ্ছে। কারণ মূল বিধিসমূহ এ যাবত ইংরেজিতেই প্রচলিত আছে। তবে কাজের সুবিধার জন্য ট্রেজারী রুলস্ ও সাবসিডিয়ারী রুলস্ এর বাংলা ভাষা যত তাড়াতাড়ি সম্ভব প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮ শে শ্রাবণ ১৪০৫ বাং  
১২ ই আগস্ট, ১৯৯৮ ইং

ডঃ আকবর আলি খান  
সচিব,  
অর্থ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়